



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট # ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

www.btrc.gov.bd

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.৩৪.০০১.২৪.১০০৪

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ, ১৪৩১
১২ জুন, ২০২৪

উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের অকেজো ঘোষিত নিম্নবর্ণিত বিভিন্ন মডেলের প্রিন্টার, স্ক্যানার ও ফটোকপিয়ার মেশিন “যে অবস্থায় আছে” নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক, আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত খামে নিম্নোক্ত বিবরণ অনুযায়ী প্রতিযোগিতামূলক উন্মুক্ত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

১.	মন্ত্রণালয়/বিভাগ/প্রত্যাশী সংস্থা	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।	
২.	নিলাম দরপত্র আহ্বান পদ্ধতি	উন্মুক্ত পদ্ধতিতে নিলাম।	
৩.	নিলাম দরপত্র কাজের শিরোনাম ও বিবরণ	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের অকেজো ঘোষিত প্রিন্টার, স্ক্যানার ও ফটোকপিয়ার মেশিন নিলামে বিক্রয়।	
৪.	নিলাম দরপত্র প্রকাশের তারিখ	১২/০৬/২০২৪	
৫.	নিলাম দরপত্র সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়	৩০/০৬/২০২৪ তারিখ বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত।	
৬.	নিলাম দরপত্র সিডিউল দাখিলের তারিখ ও সময়	০১/০৭/২০২৪ তারিখ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত।	
৭.	নিলাম দরপত্র খোলার তারিখ ও সময়	০১/০৭/২০২৪ তারিখ বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত।	
৮.	নিলাম দরপত্র সিডিউলের মূল্য	টঃ ১০০০/- (এক হাজার) মাত্র (অফেরৎযোগ্য)	
৯.	নিলাম দরদাতার যোগ্যতা ও দরপত্রের সাথে যে যে কাগজপত্র দাখিল করতে হবে	(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স (খ) হালনাগাদ পরিশোধিত আয়কর সার্টিফিকেট (গ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ঘ) এনআইডি (NID) এর ফটোকপি। পত্রিকায় নিলাম দরপত্র প্রকাশের পর উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করে কর্তৃপক্ষ বরাবর স্ব স্ব প্যাডে আবেদনের মাধ্যমে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।	
১০.	নিলাম দরপত্রের জামানতের পরিমাণ ও বিবরণ	উদ্ধৃত মূল্যের ১০% তবে সর্বনিম্ন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	জামানত ব্যতীত যে কোন দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রের জামানতের টাকা ‘বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন’ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দাখিলকৃত দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অকৃতকার্য দরদাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চূড়ান্ত সিদ্ধান্তের পর ফেরতযোগ্য, তবে কৃতকার্য দরদাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অকেজো ঘোষিত কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট আইটি যন্ত্রপাতি কমিশন হতে অপসারণ পর্যন্ত সিকিউরিটি মানি হিসেবে গচ্ছিত থাকবে।
১১.	অকেজো ঘোষিত মালামালের বিবরণ		
১।	প্রিন্টার	২১ (একুশ) টি	
২।	স্ক্যানার	০৪ (চার) টি	
৩।	ফটোকপিয়ার মেশিন	০৫ (পাঁচ) টি	
১২.	বিশেষ জ্ঞাতব্য		
ক.	আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান আগামী ১২/০৬/২০২৪ হতে ৩০/০৬/২০২৪ তারিখ (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা) পর্যন্ত কমিশন কার্যালয়ের ৫ম তলার (প্রশাসন বিভাগে) রক্ষিত অকেজো ঘোষিত প্রিন্টার, স্ক্যানার ও ফটোকপিয়ার মেশিনসমূহ সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।		
খ.	সর্বক্ষেত্রে প্রচলিত পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা অনুসরণ করা হবে। প্রস্তাবিত উদ্ধৃত মূল্যের সাথে বিধি মোতাবেক ভ্যাট-ট্যাক্স পরিশোধ করতে হবে।		
গ.	নিলাম দরপত্র সিডিউলে অন্যান্য শর্তাবলী বিস্তারিত বর্ণনা করা হবে।		
ঘ.	নিলাম দরদাতাকে সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী অবশ্যই পালন করতে হবে।		
ঙ.	নির্ধারিত তারিখ ও সময়ের পর নিলাম সিডিউল বিক্রয় ও নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।		
১৩.	কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।		

স্বাক্ষরিত/-

(আফতাব মোঃ রাশেদুল ওয়াদুদ)

পরিচালক (প্রশাসন)

ফোনঃ +৮৮০২ ২২২২১৭১১৬